

2022

BENGALI

(Honours)

Paper Code : VII - A & B

(New Syllabus)

Full Marks : 100

Time : Four Hours

Paper Code : VII - A

(Marks : 20)

Choose the correct answer.

Each question carries 1 Mark.

1. সত্যচরণ হিন্দু হোস্টেল-এ কার সঙ্গে থাকতো —
(A) মোহন
(B) রাজু
(C) সতীশ
(D) দিবাকর
2. “তারা সেখানে নিকারীর জিন্মায় নাও জাল রাখিয়া রেলের চরিয়া আসিয়া পড়ে। তাদের কোন চিন্তা থাকেনা।”
— এখানে ‘নিকারী’ কথার অর্থ —
(A) জেলে
(B) পাটনী
(C) মুসলমান মৎস ব্যবসায়ী
(D) হিন্দু মৎস ব্যবসায়ী
3. “বন্দুকটা রাত-বেরাত শিয়রে রেখে শোবেন, জায়গা ভাল নয়।” — সত্যচরণকে একথা বলেছিল —
(A) গোষ্ঠবাবু
(B) মোহনবাবু
(C) রাজু পাড়ে
(D) যুগলপ্রসাদ
4. ‘তিতাস একটি নদীর নাম’ — উপন্যাসের কয়টি পর্ব —
(A) সাতটি
(B) চারটি
(C) ছয়টি
(D) পাঁচটি

5. যুগলপ্রসাদ বনোয়ারী পাটোয়ারীর কে হয় —
- (A) চাচাতো ভাই
(B) মামাতো ভাই
(C) পিসতুতো ভাই
(D) জ্যাঠাতো ভাই
6. কিশোরের পিতার নাম কী?
- (A) দীননাথ
(B) কালোবরণ
(C) গঙ্গাচরণ
(D) রামকেশব
7. “তার নানা বাতিক হুজুর, এখানে ওখানে ঘুরে বেড়ানো এক বাতিক। কিছু করেনা, বিয়ে সাদি করেছে, সংসার দেখে না, বনে জঙ্গলে ঘুরে বেড়ায়, অথচ সাধু-সন্ন্যাসীও নয়, ঐ একধরনের মানুষ।” যুগলপ্রসাদ সম্পর্কে একথা বলেছে —
- (A) রাজুপাড়ে
(B) বনোয়ারী পাটোয়ারী
(C) ধাওতাল সাহু
(D) সত্যচরণ
8. মাঘমণ্ডলের ব্রত কখন হয়?
- (A) মাঘ মাসের শেষে
(B) মাঘ মাসের শুরুতে
(C) মাঘ মাসের পূর্ণিমায়
(D) মাঘ মাসের একাদশীতে
9. হারানের গ্রামের নাম কী?
- (A) হাতিপাড়া
(B) সালিগঞ্জ
(C) গৌরপুর
(D) দত্তপুকুর
10. “অক্ষয়ের সঙ্গে মঞ্জরীর বিয়ে হয়েছে আজ এগারো বছর হলো।” — বিয়ের সময় মঞ্জরীর বয়স কত ছিল?
- (A) তেরো
(B) পনেরো
(C) সতেরো
(D) তেইশ

11. প্রথমবার রানিঘাটের গণনা শেষ করতে জেলাবোর্ডের সেন্সাসের বাবুদের সময় লেগেছিল —
- (A) আধঘণ্টা
(B) একঘণ্টা
(C) দু'দিন
(D) চারদিন
12. “অত চুপে চুপে আসে কেন জামাই, ময়নার মা?” — একথা কে বলেছে?
- (A) মন্মথ
(B) গফুর
(C) জগমোহন
(D) গৌর সাউ
13. “নদীর ওপারে এক শহর, এপারে এক ঘাট। তার নাম রানিরঘাট।” — নদীর নাম কী?
- (A) যমুনা
(B) গঙ্গা
(C) ভাগীরথী
(D) মহানন্দা
14. রতি মঞ্জরীর পিতার নাম কী?
- (A) ধরনীবাবু
(B) রজনীকান্তবাবু
(C) সতীশবাবু
(D) গোকুলেশ্বর
15. “দাদুর বয়সের আর কোনো বুড়ো বা বুড়ী এমন দুঃখী করে কি না মতি মাঝে মাঝে চিন্তা করে।” — কোন গল্পের অংশ?
- (A) রানীর ঘাটের বৃত্তান্ত
(B) বনের রাজা
(C) মা-মেয়ের সংসার
(D) হারানের নাতজামাই
16. “আমার যে কেবল তুই আছিস। যাগো আল্লা আছে, তারা আল্লা ছাড়ে না। আমি তোরে ছাড়ব কেন? তবে তুই মরলি ভালো, আমিও তালি মরতে পারি।” — কোন গল্প থেকে উক্ত উদ্ধৃতিটি নেওয়া হয়েছে?
- (A) বনের রাজা
(B) বিধবা রতিমঞ্জরী
(C) রানীর ঘাটের বৃত্তান্ত
(D) মা-মেয়ের সংসার

17. ‘মা গঙ্গার চোখের সামনে এই পাপ। সেইবে ভেবেছেন? দেখুন না কী হয় পেলয়কাভ! রানিরঘাট ভেসে যাবে। ধুয়ে মুছে যাবে। বেঁচে থাকলে দেখে যাব।’ — বক্তা কে?
- (A) সুরিক্ষেপী
(B) জগন্নাথ
(C) ময়রাবুড়ি
(D) মদন
18. ‘রহু চণ্ডালের হাড়’ — প্রথম প্রকাশিত হয় —
- (A) ১৯৮৪ সালে
(B) ১৯৮৫ সালে
(C) ১৯৮৬ সালে
(D) ১৯৮৮ সালে
19. “খাওয়াটা অভ্যাসের কাছে, — কলকাতায় থাকতে তুমি কি আর বেশি খেতে পারতে, — এখন তো তোমার খাওয়া দেখে আমিই মাঝে মাঝে অবাক হই।” — বক্তা কে?
- (A) মতি
(B) দাদু
(C) ঠাকুমা
(D) জ্যাঠামশাই
20. “রহু চণ্ডালের হাড়” উপন্যাসটির জন্য অভিজিৎ সেন কত সালে বঙ্কিম পুরস্কার পান?
- (A) ১৯৯২ সালে
(B) ১৯৯৪ সালে
(C) ১৯৯৬ সালে
(D) ১৯৮৬ সালে
-

Paper Code : VII - B

(Marks : 80)

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

- ১। ‘আরণ্যক’ উপন্যাসের ভানুমতী চরিত্রটি বিশ্লেষণ করো। ১৬
- অথবা
- ‘আরণ্যক’ উপন্যাসের প্রকৃতির অপরূপ চিত্র জীবন্ত হয়ে উঠেছে — আলোচনা করো। ১৬
- ২। ‘তিতাস একটি নদীর নাম’ উপন্যাসের কিশোর ও সুবল চরিত্র দুটির পরিচয় দাও। ১৬
- অথবা
- আঞ্চলিক উপন্যাস হিসেবে ‘তিতাস একটি নদীর নাম’ কতটা সার্থক তা আলোচনা করো। ১৬
- ৩। ‘রহ চণ্ডালের হাড়’ উপন্যাসটির নামকরণের সার্থকতা বিচার করো। ১৬
- অথবা
- ‘রহ চণ্ডালের হাড়’ উপন্যাসে লোকায়ত উপাদানের ব্যবহার কীভাবে হয়েছে, তা বিশ্লেষণ করে দেখাও। ১৬
- ৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১২×২=২৪
- (ক) ‘ছিন্নমস্তা’ গল্প অবলম্বনে জয়াবতী চরিত্রটি বিচার করো। ১২
- (খ) “অসফল দাম্পত্যই রতিমঞ্জরীকে করেছে বিধবা এবং সেই সঙ্গে গণিকাবৃত্তির পথে এগিয়ে দিয়েছে।
— এই মন্তব্যের প্রেক্ষিতে রতিমঞ্জরী চরিত্রটি আলোচনা করো। ১২
- (গ) ‘বনের রাজা’ গল্পে সারদাবাবু অদিম প্রকৃতিকে আধুনিক জীবনের অপরিহার্য অঙ্গ করে তুলেছেন —
উদ্ধৃতাংশটি বিশ্লেষণ করে দেখাও। ১২
- (ঘ) ‘হারানের নাতজামাই’ একটি প্রতিবাদী গল্প — মন্তব্যটি কতখানি যথাযথ বলে তুমি মনে করো? ১২
- ৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮
- (ক) ‘বনের রাজা’ গল্পে মতি চরিত্র সৃষ্টির উপযোগিতা সংক্ষেপে বিচার করো।
- (খ) ‘ডোমের চিতা’ গল্পে জীবনের ভিন্ন সংগ্রামের চিত্র ফুটে উঠেছে — সংক্ষেপে বিশ্লেষণ করো।
- (গ) “রামায়ণ পড়েছি অনেকবার ঐখানটা আমার বড়ো ভালো লাগে। — কে কাকে একথা বলেছিল?
‘ঐখানটা’ বলতে ‘রামায়ণের কোন স্থানের কথা বলা হয়েছে? বক্তার ‘ঐখানটা’ কেন ভালো লাগে
বিশ্লেষণ করো। ১+১+২=৪
- (ঘ) “ব্রহ্মাণ্ডের মাইনুশে জানছে কার লগে শুইছিল। চোখে দেইখা গেছে দুয়ারে ঝাঁপ দিয়ে কার লগে
শুইছিল।” — কার উক্তি? বক্তা কাকে এ কথা বলেছে। সংক্ষেপে প্রসঙ্গসহ ব্যাখ্যা করো। ১+১+২=৪